

নম্বর: ৩৪.০০.০০০০.০৬০.২২.০০১.২০.৬৯

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯

১২ জুন ২০২২

পরিপত্র

বিষয়: জাতীয় যুব কাউন্সিলের সদস্য নির্বাচনের লক্ষ্যে ০৪ (চার)টি মহানগরীর আবেদনকারীগণের আবেদন করার বিষয় স্পষ্টিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এর ধারা ১৩ অনুযায়ী জাতীয় পর্যায়ে যুব সংগঠনসমূহের উন্নয়নে পৃষ্ঠপোষকতা দান এবং তাদের কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে জাতীয় যুব কাউন্সিল (কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২১ প্রণীত হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত বিধিমালায় মহানগরীর আবেদনকারীগণ (যুবসংগঠন) কিভাবে কার বরাবর আবেদন করবেন সে বিষয়টি স্পষ্ট না থাকায়, বিধিমালা সংশোধন না হওয়া পর্যন্ত মহানগরীর আবেদনকারীগণ (যুবসংগঠন) নিম্নবর্ণিত নিয়মে আবেদন করতে পারবেন:

(ক) জাতীয় যুব কাউন্সিলের জন্য মহানগরীর আবেদনকারীগণ (যুবসংগঠন) জেলা প্রশাসক অথবা যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালক বরাবর আবেদন করতে পারবেন;

(খ) জেলা প্রশাসক তাঁর জেলার, উপজেলা ও মহানগরীর প্রস্তাব একইসাথে যাচাই-বাছাই করে ০১ (এক) জন যুব পুরুষ ও ০১ (এক) জন যুব নারীর প্রস্তাব কেন্দ্রীয় কমিটি বরাবর প্রেরণ করবেন।

০২। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১২-৬-২০২২

মোঃ রবিউল ইসলাম

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ২২৩৩৫৪৪২৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪৪০৮

ইমেইল:

sas.youth2@moysports.gov.bd

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

বাস্তবায়ন শাখা, মনিটরিং ও যুবসংগঠন শাখা

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.৪৯.১৫০.২১-৬৯৫

তারিখ: ০৯ আষাঢ় ১৪২৮
২৩ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। উপপরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা) জেলা, যুব উন্নয়ন অধিদপ্তর।

০২। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইট-এ প্রকাশের জন্য অনুরোধসহ)।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

(মোঃ হামিদুর রহমান)

উপপরিচালক

বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন)

ফোন-০২-৯৫৬০৭৫৮